

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫১৮৫

৩৭/ পानीश खता (کتاب الأشربة)

পরিচ্ছেদঃ ৩০. রসুন খাওয়া বৈধ। আর যে ব্যক্তি 'বড়দের' সাথে কথা বলতে ইচ্ছা করে, তার জন্য এটা খাওয়া বর্জন করা উচিত। এ ধরনের অন্যান্য (দুর্গন্ধযুক্ত) বস্তুর হুকুমও তাই

باب إِبَاحَةِ أَكْلِ الثُّومِ وَأَنَّهُ يَنْبَغِي لِمَنْ أَرَادَ خِطَابِ الْكِبَارِ تَرْكُهُ وَكَذَا مَا فِي مَعْنَاهُ

আরবী

وَحَدَّثَنِي حَجَّاجُ بِنُ الشَّاعِرِ، وَأَحْمَدُ بِنُ سَعِيدِ بِنِ صَخْرٍ، _ وَاللَّفْظُ مِنْهُمَا قَرِيبٌ _ قَالاً حَدَّثَنَا أَبُو النَّعْمَانِ، حَدَّثَنَا تَابِتٌ، _ فِي رِوَايَةٍ حَجَّاجِ بْنِ يَزِيدَ أَبُو زَيْدِ الأَحْوَلُ _ حَدَّثَنَا عَاصِمٌ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ، عَنْ أَفْلَحَ، مَوْلَى أَبِي أَيُّوبَ عَنْ أَبِي أَيُّوبَ أَنَّ النَّبِي على الله عليه وسلم فِي السُّفْلِ وَأَبُو أَيُوبَ مِلى الله عليه وسلم فِي السُّفْلِ وَأَبُو أَيُوبَ لَيْلَةً فَقَالَ نَمْشِي فَوْقَ رَأْسِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . فَتَنَحَّوْا فَبَاتُوا فِي جَانِبِ ثُمَّ قَالَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ النَّبِيُ على الله عليه وسلم فَقَالَ النَّبِيُ على الله عليه وسلم فَقَالَ النَّبِيُ صلى الله عليه وسلم فِي الْعُلُو وَأَبُو أَيُوبَ فِي السُّفْلُ فَكَانَ يَصْنَعُ لِلنَّبِي صلى الله عليه وسلم في الْعُلُو وَأَبُو أَيُوبَ فِي السُّفْلِ فَكَانَ يَصْنَعُ لِلنَّبِي صلى الله عليه وسلم في الْعُلُو وَأَبُو أَيُوبَ فِي السُّفْلِ فَكَانَ يَصْنَعُ لِلنَّبِي صلى الله عليه وسلم في الْعُلُو وَأَبُو أَيُوبَ فِي السُّفْلِ فَكَانَ يَصْنَعُ لِلنَّبِي صلى الله عليه وسلم طَعَامًا فِيهِ ثُومٌ فَلَمَّا رُدَّ إِلَيْهِ سَأَلَ عَنْ مَوْضِعِ أَصَابِعِ النَّبِي صلى الله عليه وسلم فَقِيلَ لَهُ لَمْ يَأْكُلُ . فَفَرَعَ وَصَعِدَ إِلَيْهِ فَقَالَ أَحْرَامٌ هُو فَقَالَ النَّبِيُ صلى الله عليه وسلم الله عليه وسلم يُؤْتَى . قَالَ فَإِنِي أَكُرُهُ مَا تَكْرَهُ أَوْ مَا كَرِهْتَ . قَالَ وَكَانَ النَّبِيُ صلى الله عليه وسلم الله وسلم يُؤْتَى .

বাংলা

৫১৮৫। হাজ্জাজ ইবনু শাঈর ও আহমাদ ইবনু সাঈদ ইবনু সাখর (রহঃ) ... আবূ আইয়ুব (রাঃ) থেকে বর্ণিত যে, (হিজরতের সময়) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর বাড়িতে অতিথি হলেন। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থাকতেন নীচ তলায়, আর আবূ আইয়ুব (রাঃ) থাকতেন উপর তলায়। এক রাত্রে আবূ আইয়ুব (রাঃ)



জাগ্রত হয়ে বললেন, আমরা তো রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মাথার উপর চলাফেরা করি। তখন তাঁরা সেখান থেকে সরে গিয়ে এক কোণে রাত কাটালেন। এরপর (সকালে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে তিনি বিষয়টি অবহিত করলে তিনি বললেনঃ নীচ তলায়ই বেশি সুবিধা। তখন তিনি বললেন, আপনি নীচে থাকবেন এমন ছাদে আমি উঠবো না।

এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপর তলায় এবং আবূ আইয়্যুব (রাঃ) নীচ তলায় স্থান পরিবর্তন করলেন। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য খাবার তৈরি করতেন। যখন (অবশিষ্ট) খাবার ফিরিয়ে আনা হতো, তখন তিনি জিজ্ঞাসা করতেন, তিনি (রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কোন স্থানে তাঁর আঙ্গুল লাগিয়েছেন? এরপর তাঁর আঙ্গুলের স্থান থেকে বেছে বেছে খেতেন।

একদিন তিনি তাঁর জন্য খাবার তৈরি করলেন, যাতে ছিল রসুন। তাঁর কাছে ফিরিয়ে আনা হলে তিনি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর আঙ্গুলের স্থান সম্বন্ধে জিজ্ঞাসা করলেন। তাঁকে বলা হলো, তিনি এগুলো আহার করেনিন। এতে তিনি ঘাবড়িয়ে গেলেন এবং তাঁর নিকট গেলেন। এরপর জিজ্ঞাসা করলেন ওটা কি হারাম? নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ না। তবে আমি ওটা অপছন্দ করি। তিনি বললেন, তাহলে আপনি যা অপছন্দ করেন, আমিও তা অপছন্দ করি। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে তখন ওহী আসত।

English

Aflah, the freed slave of Abu Ayyub Ansiri, reported:

Allah's Messnger (ﷺ) had alighted in his house (viz. of Abu Ayyub Ansari at the time of his emigration to Medina) and he occupied the lower storey, whereas Abu Ayyub Ansari lived in the upper storey. One night, Abu Ayyub Ansari got up and said (to himself): (How unfortunate it is) that we walk above the head of Allah's Messenger (ﷺ), so they went aside and spent the night in a nook and then told Allah's Apostle (ﷺ) about it whereupon Allah's Apostle (ﷺ) said: The lower storey is more comfortable (for me). but he (Abu Ayyub Ansari) said: We (would not live) over the roof under which you live. So Allah's Messenger (ﷺ) shifted to the upper storey, whereas Abu Ayyub Ansari shifted to the lower storey; and he (Abu Ayyub Ansari) used to prepare food for Allah's Apostle (ﷺ); and when it was brought (back) to him he asked (to locate) the part, where his fingers had touched (the food), and he followed his fingers on that part where his fingers (those of the Holy Prophet) had touched it. (One day) he prepared food which contained garlic, and when it was returned to him he asked (to locate) the part which the fingers of Allah's Apostle (ﷺ) had touched. It was said to him that he had not eaten (the food). He (Abd Ayyub Ansari) was distressed and went up to



him (to the Holy Prophet) and said: Is it forbidden? But Allah's Messenger (ﷺ) said: No, (it is not forbidden), but I do not like it. and he (Abu Ayyub Ansari) said: I also do not like what you do not like or which you did not like. He (Abu Ayyub Ansari) said: (The Prophet did not eat garlic) as Allah's Apostle (ﷺ) was visited (by angels) and brought him the message of Allah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন